# পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষক নিয়োগ ও পদোন্নয়নের যুগোপযোগী নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা নির্ধারণের নির্দেশিকা

## ভূমিকা

বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষক নিয়োগ ও পদোন্নয়নের জন্য যুগোপযোগী নির্দেশিকা প্রণয়নের উদ্দেশ্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক গত ১৫/০৫/২০১৬, ২৭/০৩/২০১৭ এবং ০৬/০২/২০১৯ তারিখে কমিশনের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লাকে আহ্বায়ক করিয়া (স্মারক নম্বর : ইউজিসি/প্রশা./পাব. বিশ্ব./৪৬০ [অংশ-৫]/২০১৫/৬৪৩০) কমিটি গঠন করা হয়। তিনটি কমিটিতেই ইউজিসির ০৩ (তিন) জন পূর্ণকালীন সদস্য – প্রফেসর ড. দিল আফরোজা বেগম, প্রফেসর ড. মো. আখতার হোসেন, প্রফেসর ড. এম শাহ্ নওয়াজ আলি এবং কমিশনের সচিবকে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা হয়। কমিটির কর্মপ্রক্রিয়া দীর্ঘায়িত হওয়ার কারণে দুইবার সদস্য-সচিব এবং একবার সাচিবিক দায়িত্বও পরিবর্তিত হয়। প্রথম কমিটিতে সদস্য-সচিব ছিলেন ড. ফেরদৌস জামান এবং সাচিবিক দায়িত্ব পালন করেন মো. রবিউল ইসলাম (১৫/০৫/২০১৬)। দ্বিতীয় পর্যায়ে শুধুমাত্র সদস্য-সচিব পরিবর্তন করিয়া জনাব খন্দকার হামিদুর রহমানকে উক্তপদে অন্তর্ভুক্ত করা হয় (২৭/০৩/২০১৭)। তৃতীয় পর্যায়ে সদস্য-সচিব ও সাচিবিক দায়িত্ব অর্পিত হয় যথাক্রমে জনাব মো. কামাল হোসেন এবং জনাব মো. জামাল উদ্দিনের উপর (০৬/০২/২০১৯)।

কমিটি একাধিক সভায় মিলিত হইয়া বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয় হইতে সংগৃহীত এতৎসংক্রান্ত নীতিমালা এবং কমিশনের নীতিমালা পরীক্ষা-নিরীক্ষা ও আলোচনা-পর্যালোচনা করিয়া একটি খসড়া নির্দেশিকা প্রণয়ন করে। প্রণীত নির্দেশিকা লইয়া বিশ্ববিদ্যালয়সমূহের উপাচার্যগণের, শিক্ষক সমিতি ফেডারেশনের নেতৃবৃন্দের এবং স্টেকহোল্ডারদের সহিত কমিটির সদস্যবৃন্দ একাধিক সভায় বিস্তারিত আলোচনা করেন। তাঁহাদের পরামর্শের ভিত্তিতে প্রণীত খসড়া-নির্দেশিকা পর্যালোচনা করিবার জন্যে বিশ্ববিদ্যালয়সমূহে প্রেরণ করা হয়। শিক্ষা মন্ত্রণালয়েও তাহা প্রেরিত হয় ২৪-০৩-২০১৯ তারিখে। অতঃপর মাননীয় শিক্ষামন্ত্রীর সভাপতিত্বে আলোচনা-পর্যালোচনার পর খসড়া নির্দেশিকাটি পরিমার্জিত ও পরিশীলিত রূপপ্রাপ্ত হয়। এই পরিমার্জন প্রক্রিয়ায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পক্ষ হইতে দুইজন সদস্য, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যবৃন্দ, বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি ও সাধারণ সম্পাদক, বিশ্ববিদ্যালয় পরিষদের সাধারণ সম্পাদক এবং শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ সক্রিয় অংশগ্রহণ করেন। উল্লিখিত খসড়া নির্দেশিকা লইয়া গত ০৯-০২-২০২১ তারিখে মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনির সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত আলোচনা অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর ড. কাজী শহিদুল্লাহ, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব জনাব মো. মাহবুব হোসেন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য প্রফেসর ড. দিল আফরোজা বেগম ও প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. ফরিদউদ্দিন আহমেদ (প্রাক্তন সভাপতি, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন), ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. এ.এস.এম. মাকসুদ কামাল (প্রাক্তন সভাপতি, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন), অধ্যাপক ড. ফরিদা ইয়াসমীন বারী (ভারপ্রাপ্ত সভাপতি, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন), অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূঁইয়া (মহাসচিব বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন), অধ্যাপক ড. মো. রহমতউল্লাহ (সভাপতি, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি) এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ সক্রিয় অংশগ্রহণ করেন। এছাড়াও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব (অতিরিক্ত দায়িত্ব) উক্ত সভায় উপস্থিত ছিলেন। উল্লিখিত ব্যক্তিবর্গের উপস্থিতিতে নির্দেশিকাটি প্রয়োজনীয় সংশোধনসহ অনুমোদিত হয়। নির্দেশিকাটি প্রণয়ন, সংশোধন, পরিমার্জন ও চূড়ান্তকরণ প্রক্রিয়ায় গত ১৫-০৫-২০১৬ থেকে ০৯-০২-২০২১ তারিখ পর্যন্ত যাঁহারা সম্পৃক্ত ছিলেন তাঁহাদের অবদান বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কৃতজ্ঞতাভরে স্মরণ করিতেছে। নিম্নে অনুমোদিত খসড়াটি উপস্থাপিত হইল:

১. সংজ্ঞা

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই নির্দেশিকায় –

(ক) "অনুষদ" অর্থ বিশ্ববিদ্যালয়ের অনুষদ;
(খ) "ইন্সটিটিউট" অর্থ বিশ্ববিদ্যালয়ের কোনো ইন্সটিটিউট;
(গ) "ইমপ্যাক্ট ফ্যাক্টর" অর্থ কোনো জার্নালের মান নির্ণয়ের পদ্ধতি। প্রতি বৎসর কোনো জার্নালের Citation-এর ভিত্তিতে ইমপ্যাক্ট ফ্যাক্টর নির্ণয় করা হইয়া থাকে;
(ঘ) "একাডেমিক কাউন্সিল" অর্থ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল;
(ঙ) "কর্তৃপক্ষ" অর্থ বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ;
(চ) "কেন্দ্র" অর্থ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র;
(ছ) "কমিশন" অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন যা the University Grants Commission of Bangladesh Order, 1973 (P. O. No. 10 of 1973)-এর দ্বারা গঠিত;
(জ) "চ্যান্সেলর" অর্থ বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর;



০৬/০৬/২০২০
মোঃ নূর-ই-আলম
উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(ঝ) "পদ" অর্থ নির্দেশিকায় উল্লিখিত কোনো পদ;
(ঞ) "পাবলিক বিশ্ববিদ্যালয়" অর্থ বাংলাদেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়; অধিভুক্ত কলেজসমূহ নহে;
(ট) "পিয়ার রিভিউড জার্নাল" অর্থ সংশ্লিষ্ট বিষয়ের বিশেষজ্ঞগণ দ্বারা মূল্যায়িত ও সুপারিশকৃত গবেষণা প্রবন্ধের জার্নাল;
(ঠ) "প্রকাশনা" অর্থ পিয়ার রিভিউড/ইমপেক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত কোন গবেষণা প্রবন্ধকে বুঝাইবে। এছাড়াও সাধারণ নিয়মাবলির ৮নং অনুচ্ছেদ বর্ণিত প্রকাশনাও প্রকাশনা হিসাবে গণ্য হইবে।
(ড) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ নির্দেশিকায় কোনো পদের বিপরীতে উল্লিখিত ন্যূনতম যোগ্যতা;
(ঢ) "বিভাগ" অর্থ বিশ্ববিদ্যালয়ের কোনো একাডেমিক বিভাগ;
(ণ) "বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আদেশ" অর্থ the University Grants Commission of Bangladesh Order, 1973 (P. O. No. 10 of 1973);
(ত) "ভাইস-চ্যান্সেলর" অর্থ বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর;
(থ) "রেজিস্ট্রার" অর্থ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার;
(দ) "শিক্ষাছুটি" অর্থ ডিগ্রি অর্জনের লক্ষ্যে পূর্ণ বেতনে ছুটি;
(ধ) "শিক্ষক" অর্থ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক বা প্রভাষক এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক শিক্ষক হিসাবে স্বীকৃত অন্য কোনো ব্যক্তি;
(ন) "শিক্ষার্থী" অর্থ বিশ্ববিদ্যালয়ের নিয়মিত শিক্ষা কার্যক্রমে ভর্তিকৃত ছাত্র বা ছাত্রী;
(প) "সরকার" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বা সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ;
(ফ) "সিন্ডিকেট" অর্থ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট;
(ব) "সিলেকশন কমিটি" অর্থ বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগের সুপারিশ প্রদানের জন্য গঠিত কমিটি;
(ভ) "সক্রিয় শিক্ষকতা" অর্থ চাকুরিকালীন সময়ে পাঠদান ও গবেষণা অথবা উচ্চতর ডিগ্রি অর্জনের জন্য কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পূর্ণবেতনে শিক্ষাছুটির সময়কালকে বুঝাইবে; যদি সংশ্লিষ্ট শিক্ষক অর্জিত ডিগ্রি সম্পন্ন করিয়া সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে কাজে যোগদান করেন;
(ম) "First Author/Corresponding Author" অর্থ যিনি মূলত গবেষণাকর্মটি সম্পন্ন করিয়াছেন বা সম্পন্ন করিতে সুপারভাইজ বা তত্ত্বাবধান করিয়াছেন;
(য) "Indexed জার্নালে প্রকাশিত" অর্থ সারা বিশ্বে নিবন্ধনকৃত জার্নালের Bibliographical Database বুঝাইবে।

২। সাধারণ নিয়মাবলি

১) সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকিতে হইবে;

২) আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হইতে হইবে অর্থাৎ পরীক্ষার ফলপ্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হইবে না;

৩) অনলাইন ও দূরশিক্ষণের মাধ্যমে ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদেরকে কোনো বিভাগে শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা যাইবে না;

৪) সরকারি/আধা-সরকারি/সায়ত্বশাসিত গবেষণা প্রতিষ্ঠান হইতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় শিক্ষকতার চাকুরিকাল হিসাবে ঐ প্রতিষ্ঠানের চাকুরির অর্ধেক সময়কাল বিবেচনা করা যাইতে পারে;

৫) শিক্ষাছুটি নিয়ে কোনো শিক্ষক Postdoctoral Fellowship Program-এ অংশগ্রহণ করিলে সর্বোচ্চ ০২ (দুই) বৎসর সক্রিয় শিক্ষাকাল হিসাবে গণ্য করা হইবে। তবে ইতঃপূর্বে প্রদেয় বন্ড পিরিয়ড অতিক্রান্ত হইবার পর Postdoctoral Fellowship Program-এ যাইতে পারিবেন;

৬) শিক্ষাছুটি বলিতে ডিগ্রি অর্জনের লক্ষ্যে মঞ্জুরকৃত পূর্ণবেতন-ছুটিকে বুঝাইবে। এই ছুটি মাস্টার্স ও পিএইচডি-সহ ০৫ (পাঁচ) বৎসর হইবে। শুধুমাত্র পিএইচডি ডিগ্রি অর্জনের জন্য এই শিক্ষাছুটি ০৪ (চার) বৎসর পাওয়া যাইবে। তবে গবেষণা কার্যক্রম অব্যাহত থাকিলে ডিগ্রি সম্পন্ন করিবার স্বার্থে কেবল নিয়মিত ছাত্র হিসাবে এই ছুটির মেয়াদ আরও সর্বোচ্চ ১২ (বারো) মাস বর্ধিত করা যাইতে পারে;

৭) বিনা বেতনে/লিয়েনে বা Extraordinary ছুটি সক্রিয় শিক্ষাকাল বলে বিবেচিত হইবে না;

৮) আর্কিটেকচার, চারুকলা, নাট্যকলা, থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ, সংগীত, নৃত্যকলা, ফিল্ম এন্ড মিডিয়া সংশ্লিষ্ট বিভাগের শিক্ষক নিয়োগের ক্ষেত্রে জাতীয় অথবা আন্তর্জাতিকভাবে স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত প্রতিযোগিতা, প্রদর্শনী ও পরিবেশনায় অংশগ্রহণমূলক প্রযোজনা, উপস্থাপনা ও রচনার জন্য অর্জিত পুরস্কার/ক্যাটালগ/সার্টিফিকেট মূল্যায়নসাপেক্ষে প্রকাশনা হিসাবে বিবেচনা করা যাইবে;

৯) বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষকগণ বর্তমানে যে পদে কর্মরত আছেন শুধুমাত্র ঐ পদের পরবর্তী পদে নিয়োগের ক্ষেত্রে প্রচলিত নিয়ম অনুসরণ করা যাইবে;

১০) বিশ্ববিদ্যালয়সমূহে কর্মরত শিক্ষকগণের শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য ক্ষেত্রে শিথিল করা যাইবে (এসএসসি হতে স্নাতকোত্তর ডিগ্রি পর্যন্ত);

১১) যে-সকল বিশ্ববিদ্যালয়ে বর্তমানে স্নাতক ডিগ্রিপ্রাপ্তদেরকে প্রভাষক হিসাবে নিয়োগ প্রদান করা হয় সেইক্ষেত্রে এই নির্দেশিকা প্রজ্ঞাপিত হওয়ার তারিখ থেকে সর্বোচ্চ ০২ (দুই) বৎসর পর্যন্ত প্রচলিত নিয়ম অনুযায়ী প্রভাষক পদে নিয়োগ করা যাইবে। তবে দুই বৎসর অতিক্রান্ত হইবার অব্যবহিত পরে নির্দেশিকা অনুযায়ী প্রভাষক নিয়োগ করিতে হইবে;

০৮/৩/২০২০

মোঃ নূর-ই-আলম
উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১২) শিক্ষক নিয়োগের কোনো ধাপে নিয়মিত পদ সম্পূর্ণরূপে পূর্ণ হইলে আপগ্রেডেশন করা যাইবে;

১৩) যেহেতু গ্রেড-২ এবং গ্রেড-১ পদোন্নতি হিসাবে অষ্টম জাতীয় বেতন কাঠামোতে বিবেচিত, সেহেতু গ্রেড-২ এবং গ্রেড-১ অধ্যাপক পদে লেটারাল (Lateral) বা সরাসরি নিয়োগ গ্রহণযোগ্য হইবে না;

১৪) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রণীত সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে এবং কমিশনের অনুমোদনক্রমে দেশি-বিদেশি প্রতিথযশা(Outstanding) অধ্যাপককে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ চুক্তিভিত্তিতে Distinguished Professor হিসাবে নিয়োগ প্রদান করিতে পারিবেন;

১৫) নতুন বিশ্ববিদ্যালয় ও বিশেষায়িত বিষয়সমূহের ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রণীত সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে এবং কমিশনের অনুমোদনক্রমে দেশি-বিদেশি বিশ্ববিদ্যালয়ে কর্মরত অথবা অবসরপ্রাপ্ত শিক্ষকগণকে শিক্ষকতার বিভিন্ন ধাপে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ চুক্তিভিত্তিতে নিয়োগ প্রদান করিতে পারিবেন;

১৬) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রণীত সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে এবং কমিশনের অনুমোদনক্রমে কোন বিষয়ের বিশেষজ্ঞ বা গবেষককে " Distinguished Expert" হিসেবে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ চুক্তিভিত্তিতে নিয়োগ প্রদান করিতে পারিবেন;

১৭) বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজের অভিজ্ঞতাকে সক্রিয় শিক্ষাকাল হিসাবে গণ্য করিয়া কোনো পদের জন্য প্রয়োজনীয় চাকুরির সময়কাল/প্রকাশনার সংখ্যা কমানো যাইবে না।

**৩। বিজ্ঞপ্তির মাধ্যমে প্রভাষক পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা**

| পদের নাম: প্রভাষক | | |
|---|---|---|
| ক) বিজ্ঞান/ সামাজিক বিজ্ঞান/ কলা ও মানবিক/ বিজনেস স্টাডিজ/ চারুকলা/আইন অনুষদভুক্ত বিভাগসমূহ | ১. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. সংশ্লিষ্ট অনুষদভুক্ত প্রার্থীদেরকে –<br>ক) বিজ্ঞান/সামাজিক বিজ্ঞান/ বিজনেস স্টাডিজ/আইন অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।<br>খ) মানবিক অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে যে-কোনো একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকিতে হইবে। | |
| খ) ইঞ্জিনিয়ারিং/ আর্কিটেকচার/ নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক অনুষদভুক্ত বিভাগসমূহ | ১. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. স্নাতক পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।<br>অথবা,<br>স্থাপত্য বিভাগে ০৫ বৎসর মেয়াদী পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকিতে হইবে। | |
| গ) মেডিসিন | পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স বিভাগ (প্রিভেনটিভ এন্ড সোশ্যাল মেডিসিন অনুষদ) | ১. এমবিবিএস/বিডিএস/সমমানের ডিগ্রি অথবা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণিতে মাস্টারস ডিগ্রি, যা বিএমডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>২. এমফিল (পাবলিক হেলথ)/এমপিএইচ অথবা সমমানের পাবলিক হেলথ বিষয়ক ডিগ্রি অবশ্যই বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে, এই ক্ষেত্রে নন-মেডিকেল পেশাধারীদের উপরোক্ত ডিগ্রি বিএসএমএমইউ-এর একাডেমিক কাউন্সিল অথবা তৎকর্তৃক কোনো কমিটি দ্বারা স্বীকৃত হইতে হইবে। |
| | গ্র্যাজুয়েট নার্সিং বিভাগ (নার্সিং অনুষদ) | ১. সংশ্লিষ্ট বিভাগে বিএসসি নার্সিং এবং এমএসসি নার্সিং ডিগ্রি থাকিতে হইবে।<br>২. বিএসসি নার্সিং এবং এমএসসি নার্সিং উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে কমপক্ষে সিজিপিএ ৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে; যা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে। |



মোঃ নূর-ই-আলম
উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| | | |
|---|---|---|
| | ফরেনসিক মেডিসিন বিভাগ (বেসিক সাইন্স এন্ড প্যারা ক্লিনিক্যাল সাইন্স অনুষদ) | ১. সংশ্লিষ্ট বিভাগে ০৩ (তিন) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে কমপক্ষে সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে; যা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে। |
| ঘ) কৃষি / কৃষিপ্রধান বিশ্ববিদ্যালয় | | ১. সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. সংশ্লিষ্ট অনুষদ/বিভাগের প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে অথবা সংশ্লিষ্ট অনুষদ/বিভাগে ০৫ (পাঁচ) বৎসর মেয়াদি ডিভিএম/সমমান পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে।<br>৩. সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) অথবা ০৫ (পাঁচ) বৎসর মেয়াদি ডিভিএম/সমমান পরীক্ষায় মেধাভিত্তিক শীর্ষ ১০% ছাত্র/ছাত্রী প্রভাষক পদে আবেদন করিবার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন। |

বিশেষ দ্রষ্টব্য:

১) এমফিল/সমমান বা পিএইচডি ডিগ্রি অতিরিক্ত যোগ্যতা বলিয়া বিবেচিত হইতে পারে। তবে এমফিল/সমমান বা পিএইচডি ডিগ্রির জন্য উল্লিখিত যোগ্যতার কোনো শর্ত কোনোভাবেই শিথিলযোগ্য হইবে না;

২) বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কোনো বিভাগে প্রভাষক নিয়োগের জন্য প্রয়োজনে লিখিত পরীক্ষার মাধ্যমে একটি শর্টলিস্ট প্রস্তুত করিয়া সাক্ষাৎকারের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করিতে পারিবেন।

৪। বিজ্ঞপ্তির মাধ্যমে সহকারী অধ্যাপক পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

| পদের নাম : সহকারী অধ্যাপক | |
|---|---|
| ক) বিজ্ঞান/ সামাজিক বিজ্ঞান/ কলা ও মানবিক/ বিজনেস স্টাডিজ/ চারুকলা/ আইন অনুষদভুক্ত বিভাগসমূহ | ১. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. সংশ্লিষ্ট অনুষদভুক্ত প্রার্থীদেরকে –<br>ক) বিজ্ঞান/সামাজিক বিজ্ঞান/বিজনেস স্টাডিজ/আইন অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।<br>খ) কলা ও চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে যে-কোনো একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকিতে হইবে।<br>৩. স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. এমফিল/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০২(দুই) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে ।<br>৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে ।<br>৬. স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে; যার মধ্যে First Author হিসাবে ন্যূনতম ০১(এক) টি প্রকাশনা থাকিতে হইবে। |
| খ) ইঞ্জিনিয়ারিং/ আর্কিটেকচার/নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক অনুষদভুক্ত বিভাগসমূহ | ১. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। স্নাতক পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে। শুধুমাত্র স্থাপত্য বিভাগে ০৫ (পাঁচ) বৎসর মেয়াদি পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকিতে হইবে।<br>২. স্নাতকোত্তর ডিগ্রিধারী আবেদনকারীকে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসাবে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৩. এমফিল/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০২ (দুই) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১(এক) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। |

০৮/১০/2020

মোঃ নূর-ই-আলম
উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| | | |
|---|---|---|
| | | ৫. স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে; যার মধ্যে First Author হিসাবে ন্যূনতম ০১(এক) টি প্রকাশনা থাকিতে হইবে। |
| | (মেডিসিন, সার্জারি, পেডিয়াট্রিক, ডেনটিসট্রি, বেসিক সাইন্স এন্ড প্যারা ক্লিনিক্যাল সাইন্স অনুষদ) | ১. এমবিবিএস/বিডিএস/সমমানের ডিগ্রি, যা বিএমডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>২. এমডি/এমএস/এফসিপিএস/সমমানের ডিগ্রি (বিষয়ভিত্তিক); যা বিএমডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>৩. বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। (এমডি/এমএস/এফসিপিএস ডিগ্রিকে যেহেতু ০৩ (তিন) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা হিসাবে গণ্য করা হইবে সেহেতু এসব ডিগ্রি থাকিলে এই অভিজ্ঞতার প্রয়োজন হইবে না)।<br>৪. সকল ক্ষেত্রে স্বীকৃত কোনো জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে; যার মধ্যে First Author হিসাবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকিতে হইবে।<br>৫. Medical Education সংক্রান্ত Teaching-learning, Instructional Material Development, Assessment, Curriculum Development and Evaluation ও Educational Management বিষয়াবলিতে কমপক্ষে ০৩ (তিন) মাসের ট্রেনিং/ ডিগ্রি অর্জনকারীদের অগ্রাধিকার দেওয়া হইবে।<br>৬. পিএইচডি ডিগ্রিকে অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। পিএইচডি ডিগ্রি বিএমডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে। |
| গ) মেডিসিন | পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স বিভাগ (প্রিভেনটিভ এন্ড সোশ্যাল মেডিসিন অনুষদ) | ১. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০- এর মধ্যে ন্যূনতম জিপিএ ৪.৫০ থাকিতে হইবে।<br>২. এমবিবিএস/বিডিএস/সমমানের ডিগ্রি অথবা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণিতে মাস্টারস ডিগ্রি, যা বিএমডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হবে।<br>৩. এমফিল (পাবলিক হেলথ)/এমপিএইচ অথবা সমমানের পাবলিক হেলথ বিষয়ক ডিগ্রি অবশ্যই বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে, এই ক্ষেত্রে নন মেডিকেল পেশাধারীদের উপরোক্ত ডিগ্রি বিএসএমএমইউ-এর একাডেমিক কাউন্সিল অথবা তৎকর্তৃক কোনো কমিটি দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>৪. যে-কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পিএইচডি অথবা DrPH (Doctor of Public Health) অথবা DSc (Doctor of Science) অথবা সমমানের ডিগ্রি, যা জনস্বাস্থ্য বিষয়ের সাথে সংশ্লিষ্ট। যেহেতু ডিগ্রিসমূহ শিক্ষক নিয়োগের ক্ষেত্রে বাধ্যতামূলক সেহেতু অন্যান্য অনুষদের শিক্ষকদের ন্যায় এই অনুষদের শিক্ষক নিয়োগের ক্ষেত্রে কোনো অতিরিক্ত যোগ্যতার প্রশ্ন আসিবে না।<br>৫. অন্যান্য নিয়মাবলি অন্যান্য অনুষদের শিক্ষক নিয়োগের নীতিমালা অনুযায়ী প্রযোজ্য। |
| | গ্রাজুয়েট নার্সিং বিভাগ (নার্সিং অনুষদ) | ১. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০- এর মধ্যে ন্যূনতম জিপিএ ৪.৫০ থাকিতে হইবে অথবা প্রথম বিভাগ প্রাপ্ত হইতে হইবে। |

01/6/2020

মোঃ নুর-ই-আলম
উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| | | |
|---|---|---|
| | | ২. সংশ্লিষ্ট বিভাগে বিএসসি নার্সিং এবং এমএসসি নার্সিং ডিগ্রি থাকিতে হইবে।<br>৩. বিএসসি নার্সিং এবং এমএসসি নার্সিং উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে; যা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>৪. প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৫. স্বীকৃত কোনো জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) ন্যূনতম ০৩ (তিনটি) টি প্রকাশনা থাকিতে হইবে; যেগুলির মধ্যে First Author হিসাবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকিতে হইবে । |
| | গ্রাজুয়েট নার্সিং বিভাগ (অন্যান্য যেমন ইংরেজি, কম্পিউটার, সাইকোলজি, সমাজ বিজ্ঞান ইত্যাদি), নার্সিং অনুষদ | ১. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০- এর মধ্যে ন্যূনতম জিপিএ ৪.৫০ থাকিতে হইবে অথবা প্রথম বিভাগ প্রাপ্ত হইতে হইবে।<br>২. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>৩. স্নাতক এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে কমপক্ষে সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে; যা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>৪. প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে ।<br>৫. স্বীকৃত কোনো জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) ন্যূনতম ০৩ (তিনটি) টি প্রকাশনা থাকিতে হইবে; যেগুলির মধ্যে First Author হিসাবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকিতে হইবে।<br>৬. অন্যান্য নিয়মাবলি অন্যান্য অনুষদের শিক্ষক নিয়োগের নীতিমালা অনুযায়ী প্রযোজ্য। |
| ঘ) কৃষি/ কৃষিপ্রধান বিশ্ববিদ্যালয় | ১. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে।<br>২. ডিভিএম/সমমান সংশ্লিষ্ট অনুষদের প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে।<br>৩. আবেদনকারী যদি মাস্টার্স/সমতুল্য ডিগ্রি অর্জন করেন তাহা হইলে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসাবে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে ।<br>৪. এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসাবে ন্যূনতম ০২ (দুই) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১(এক) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৬. স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে; যেগুলির মধ্যে First Author হিসাবে ন্যূনতম ০১(এক)টি প্রকাশনা থাকিতে হইবে । | |

১৮/৬/২০২১

মোঃ নূর-ই-আলম
উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৫। বিজ্ঞপ্তির মাধ্যমে সহযোগী অধ্যাপক পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

| পদের নাম: সহযোগী অধ্যাপক | | |
|---|---|---|
| ক) বিজ্ঞান/ সামাজিক বিজ্ঞান/কলা ও মানবিক/বিজনেস স্টাডিজ/ চারুকলা/ আইন অনুষদভুক্ত বিভাগসমূহ | ১. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. সংশ্লিষ্ট অনুষদভুক্ত প্রার্থীদেরকে –<br>ক) বিজ্ঞান/সামাজিক বিজ্ঞান/বিজনেস স্টাডিজ/আইন অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।<br>খ) কলা ও চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে যে-কোনো একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকিতে হইবে।<br>৩. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ মোট ন্যূনতম ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) বৎসরসহ মোট ন্যূনতম ০৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৪ (চার) বৎসরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৬. প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে। তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে, যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা থাকিতে হইবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। | |
| (খ) ইঞ্জিনিয়ারিং/ আর্কিটেকচার/নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক অনুষদভুক্ত বিভাগসমূহ | ১. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। স্নাতক পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে। শুধুমাত্র স্থাপত্য বিভাগে ০৫ (পাঁচ) বৎসর মেয়াদি পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকিতে হইবে।<br>২. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ মোট ন্যূনতম ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৩. এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) বৎসরসহ মোট ন্যূনতম ০৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৪ (চার) বৎসরসহ ন্যূনতম ০৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে ।<br>৫. প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়)টি প্রকাশনা থাকিতে হইবে। সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে, যেগুলির মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা থাকিতে হইবে। মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। | |
| গ) মেডিসিন | (মেডিসিন, সার্জারি, পেডিয়াট্রিক, ডেনটিসট্রি, বেসিক সাইন্স এন্ড প্যারা ক্লিনিক্যাল সাইন্স অনুষদ) | ১. এমবিবিএস/বিডিএস/সমমানের ডিগ্রি থাকিতে হইবে; যাহা বিএমডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>২. এমডি/এমএস/এফসিপিএস/সমমানের ডিগ্রি (বিষয়ভিত্তিক) থাকিতে হইবে; যাহা বিএমডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>৩. সহকারী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয়ে ০৪ (চার) বৎসর এবং অধিভুক্ত প্রতিষ্ঠানে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. সকল ক্ষেত্রে প্রার্থীদের স্বীকৃত কোনো জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়)টি প্রকাশনা থাকিতে হইবে। সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে, যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা থাকিতে হইবে। মোট প্রকাশনার ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা গ্রহণযোগ্য ইমপ্যাক্ট ফ্যাক্টর/ Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। গ্রহণযোগ্য ইমপ্যাক্ট ফ্যাক্টর বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল কর্তৃক নির্ধারিত হইবে। |



মোঃ নূর-ই-আলম
উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| | | |
|---|---|---|
| | | ৫. Medical Education সংক্রান্ত Teaching-learning, Instructional Material Development, Assessment, Curriculum Development and Evaluation ও Educational Management বিষয়াবলিতে কমপক্ষে ০৩ (তিন) মাসের ট্রেনিং/ ডিগ্রি অর্জনকারীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>৬. পিএইচডি ডিগ্রিকে অতিরিক্ত যোগ্যতা হিসাবে গণ্য করা হইবে। পিএইচডি ডিগ্রি বিএমডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে। |
| | পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিকস বিভাগ (প্রিভেনটিভ এন্ড সোশ্যাল মেডিসিন অনুষদ) | ১. এমবিবিএস/বিডিএস/সমমানের ডিগ্রি অথবা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণিতে মাস্টারস ডিগ্রি থাকিতে হইবে; যাহা বিএমডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>২. এমফিল (পাবলিক হেলথ)/এমপিএইচ অথবা সমমানের পাবলিক হেলথ বিষয়ক ডিগ্রি অবশ্যই বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে, এই ক্ষেত্রে নন মেডিকেল পেশাধারীদের উপরোক্ত ডিগ্রি বিএসএমএমইউ-এর একাডেমিক কাউন্সিল অথবা তৎকর্তৃক কোন কমিটি দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>৩. যে-কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পিএইচডি অথবা DrPH (Doctor of Public Health) অথবা DSc (Doctor of Science) অথবা সমমানের ডিগ্রি যাহা জনস্বাস্থ্য বিষয়ের সাথে সংশ্লিষ্ট। যেহেতু ডিগ্রিসমূহ শিক্ষক নিয়োগের ক্ষেত্রে বাধ্যতামূলক সেহেতু অন্যান্য অনুষদের শিক্ষকদের ন্যায় এই অনুষদের শিক্ষক নিয়োগের ক্ষেত্রে কোনো অতিরিক্ত যোগ্যতার প্রশ্ন আসিবে না।<br>৪. অন্যান্য নিয়মাবলি অন্যান্য অনুষদের শিক্ষক নিয়োগের নীতিমালা অনুযায়ী প্রযোজ্য। |
| | গ্রাজুয়েট নার্সিং বিভাগ (নার্সিং অনুষদ) | ১. সংশ্লিষ্ট বিভাগে বিএসসি নার্সিং এবং এমএসসি নার্সিং ডিগ্রি থাকিতে হইবে।<br>২. বিএসসি নার্সিং এবং এমএসসি নার্সিং উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে। যাহা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>৩. সহকারী অধ্যাপক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৪ (চার) বৎসরসহ ন্যূনতম ০৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়)টি প্রকাশনা থাকিতে হইবে। তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে, যেগুলির মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা থাকিতে হইবে। মোট প্রকাশনার ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা গ্রহণযোগ্য ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। |

০৮/৬/2020

মোঃ নুর-ই-আলম
উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| | | |
|---|---|---|
| | গ্র্যাজুয়েট নার্সিং বিভাগ (অন্যান্য যেমন ইংরেজি, কম্পিউটার, সাইকোলজি, সমাজ বিজ্ঞান ইত্যাদি), নার্সিং অনুষদ | ১. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে কমপক্ষে সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে; যাহা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>৩. সহকারী অধ্যাপক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ৪ (চার) বৎসরসহ নূন্যতম ০৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়)টি প্রকাশনা থাকিতে হইবে। তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে, যেগুলির মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা থাকিতে হইবে। মোট প্রকাশনার ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা গ্রহণযোগ্য ইমপ্যাক্ট ফ্যাক্টর/ Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে।<br>৫. অন্যান্য নিয়মাবলি অন্যান্য অনুষদের শিক্ষক নিয়োগের নীতিমালা অনুযায়ী প্রযোজ্য। |
| ঘ) কৃষি বিশ্ববিদ্যালয়/কৃষি প্রাধান্য বিশ্ববিদ্যালয় | ১. ০৫ (পাঁচ) বৎসর মেয়াদী ডিভিএম/সমমান ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. ০৫ (পাঁচ) বৎসর মেয়াদি ডিভিএম/সমমান ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে।<br>৩. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. MPhil ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) বৎসরসহ ৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৪ (চার) বৎসরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৬. প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬(ছয়)টি প্রকাশনা থাকিতে হইবে। সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে, যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা থাকিতে হইবে । মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক)টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। | |

৬। বিজ্ঞপ্তির মাধ্যমে অধ্যাপক পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

| পদের নাম: অধ্যাপক (গ্রেড-৩) | |
|---|---|
| ক) বিজ্ঞান/সামাজিক বিজ্ঞান/কলা ও মানবিক/ বিজনেস স্টাডিজ/ চারুকলা/আইন অনুষদভুক্ত বিভাগসমূহ | ১. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. সংশ্লিষ্ট অনুষদভুক্ত প্রার্থীদেরকে –<br>ক) বিজ্ঞান/সামাজিক বিজ্ঞান/বিজনেস স্টাডিজ/আইন অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।<br>খ) কলা ও চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে যে-কোনো একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকিতে হইবে।<br>৩. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ১০ (দশ) বৎসরসহ মোট ন্যূনতম ২২ (বাইশ) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ ন্যূনতম ১৭ (সতেরো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরসহ ন্যূনতম ১২(বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৬. সকল ক্ষেত্রে প্রার্থীদের স্বীকৃত কোনো জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ১২ (বারো)টি প্রকাশনা থাকিতে হইবে। সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে এবং First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। |



১৮/৬/2020
মোঃ নূর-ই-আলম
উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| | | |
|---|---|---|
| ক) ইঞ্জিনিয়ারিং/ আর্কিটেকচার/নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক অনুষদভুক্ত বিভাগসমূহ | ১. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। স্নাতক পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে। শুধুমাত্র স্থাপত্য বিভাগে ০৫ বৎসর মেয়াদি পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকিতে হইবে।<br>২. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ১০ (দশ) বৎসরসহ ন্যূনতম ২২ (বাইশ) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৩. এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ ন্যূনতম ১৭ (সতেরো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরসহ ন্যূনতম ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৫. প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ১২ (বারো)টি প্রকাশনা থাকিতে হইবে। সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬(ছয়)টি প্রকাশনা থাকিতে হইবে এবং First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে । মোট প্রকাশনার ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/ Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। | |
| গ) মেডিসিন | মেডিসিন, সার্জারি, পেডিয়াট্রিক, ডেনটিসট্রি, বেসিক সাইন্স এন্ড প্যারা ক্লিনিক্যাল সাইন্স অনুষদ | ১. এমবিবিএস/বিডিএস/সমমানের ডিগ্রী থাকিতে হইবে; যাহা বিএমডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>২. নির্দিষ্ট বিষয়ে এমফিল/এমএস/এমডি/এফসিপিএস/সমমানের ডিগ্রি থাকিতে হইবে; যাহা বিএমডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>৩. সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসর এবং অধিভুক্ত প্রতিষ্ঠানে ন্যূনতম ০৬ (ছয়) বৎসরসহ মোট যথাক্রমে ন্যূনতম ১০ (দশ) বৎসর ও ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. প্রার্থীদের স্বীকৃত কোনো জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ১২ (বারো)টি প্রকাশনা থাকিতে হইবে। সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়)টি প্রকাশন থাকিতে হইবে, যেগুলির মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে। মোট প্রকাশনার ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা গ্রহণযোগ্য ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। গ্রহণযোগ্য ইমপ্যাক্ট ফ্যাক্টর বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল কর্তৃক নির্ধারিত হইবে।<br>৫. Medical Education সংক্রান্ত Teaching-learning, Instructional Material Development, Assessment, Curriculum Development and Evaluation ও Educational Management বিষয়াবলিতে কমপক্ষে ০৩ (তিন) মাসের ট্রেনিং/ ডিগ্রি অর্জনকারীদের অগ্রাধিকার দেওয়া হইবে।<br>৬. পিএইচডি ডিগ্রিকে অতিরিক্ত যোগ্যতা হিসাবে গণ্য করা হইবে। পিএইচডি ডিগ্রি বিএমডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে। |
| | পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স বিভাগ (প্রিভেনটিভ এন্ড সোশ্যাল মেডিসিন অনুষদ) | ১. এমবিবিএস/বিডিএস/সমমানের ডিগ্রি অথবা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণিতে মাস্টারস ডিগ্রি; যাহা বিএমডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>২. এমফিল (পাবলিক হেলথ)/এমপিএইচ অথবা সমমানের পাবলিক হেলথ বিষয়ক ডিগ্রি থাকিতে হইবে; যাহা অবশ্যই বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে। এই ক্ষেত্রে নন-মেডিকেল পেশাধারীদের উপরোক্ত ডিগ্রি বিএসএমএমইউ-এর একাডেমিক কাউন্সিল অথবা তৎকর্তৃক কোনো কমিটি দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>৩. যে-কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পিএইচডি অথবা DrPH (Doctor of Public Health) অথবা DSc (Doctor of Science) অথবা সমমানের ডিগ্রি যাহা জনস্বাস্থ্য বিষয়ের সহিত সংশ্লিষ্ট। যেহেতু ডিগ্রিসমূহ শিক্ষক নিয়োগের ক্ষেত্রে বাধ্যতামূলক সেহেতু অন্যান্য অনুষদের শিক্ষকদের ন্যায় এই অনুষদের শিক্ষক নিয়োগের ক্ষেত্রে কোনো অতিরিক্ত যোগ্যতার প্রশ্ন আসিবে না।<br>৪. অন্যান্য নিয়মাবলি অন্যান্য অনুষদের শিক্ষক নিয়োগের নীতিমালা অনুযায়ী প্রযোজ্য। |

06/6/2020

মোঃ নুর-ই-আলম
উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

| | | |
|---|---|---|
| | গ্র্যাজুয়েট নার্সিং বিভাগ (নার্সিং অনুষদ) | ১. সংশ্লিষ্ট বিভাগে বিএসসি নার্সিং এবং এমএসসি নার্সিং ডিগ্রি থাকিতে হইবে।<br>২. বিএসসি নার্সিং এবং এমএসসি নার্সিং উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে; যাহা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>৩. স্নাতকোত্তর প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ১০ (দশ) বৎসরসহ মোট ন্যূনতম ২২ (বাইশ) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ ন্যূনতম ১৭ (সতেরো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরসহ ন্যূনতম ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৬. প্রার্থীদের স্বীকৃত কোনো জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) সর্বমোট ন্যূনতম ১২ (বারো)টি প্রকাশনা থাকিতে হইবে। তন্মধ্যে, সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে, যেগুলির মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে। মোট প্রকাশনার ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা গ্রহণযোগ্য ইমপ্যাক্ট ফ্যাক্টর/ Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। |
| | গ্র্যাজুয়েট নার্সিং বিভাগ (অন্যান্য যেমন ইংরেজি, কম্পিউটার, সাইকোলজি, সমাজ বিজ্ঞান ইত্যাদি), নার্সিং অনুষদ | ১. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে কমপক্ষে সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে; যাহা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>৩. স্নাতকোত্তর প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ১০ (দশ) বৎসরসহ মোট ন্যূনতম ২২ (বাইশ) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ ন্যূনতম ১৭ (সতেরো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরসহ ন্যূনতম ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৬. প্রার্থীদের স্বীকৃত কোনো জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) সর্বমোট ন্যূনতম ১২ (বারো)টি প্রকাশনা থাকিতে হইবে। তন্মধ্যে, সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়)টি প্রকাশনা থাকিতে হইবে, যেগুলির মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে। মোট প্রকাশনার ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা গ্রহণযোগ্য ইমপ্যাক্ট ফ্যাক্টর/ Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। |
| ঘ) কৃষি বিশ্ববিদ্যালয়/কৃষি প্রাধান্য বিশ্ববিদ্যালয় | ১. ০৫ (পাঁচ) বৎসর মেয়াদি ডিভিএম/সমমান ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. ০৫ (পাঁচ) বৎসর মেয়াদি ডিভিএম/সমমান ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে।<br>৩. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ১০ (দশ) বৎসরসহ মোট ন্যূনতম ২২ (বাইশ) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ মোট ন্যূনতম মোট ১৭ (সতেরো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে ।<br>৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরসহ মোট ন্যূনতম ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। | |



১৮/৩/২০২১

মোঃ নুরুল-ই-আলম
উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| | |
|---|---|
| | ৬. প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ১২ (বারো)টি প্রকাশনা থাকিতে হইবে। সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়)টি প্রকাশনা থাকিতে হইবে; যেগুলির মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে। মোট প্রকাশনার ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। |

৭। পদোন্নয়ন (আপগ্রেডেশন) এর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

ক) বিজ্ঞান/সামাজিক বিজ্ঞান/কলা ও মানবিক/ বিজনেস স্টাডিজ/ চারুকলা/আইন অনুষদভুক্ত বিভাগসমূহ/ইঞ্জিনিয়ারিং/ আর্কিটেকচার/নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক অনুষদভুক্ত বিভাগসমূহ/কৃষি বিশ্ববিদ্যালয়/কৃষিপ্রধান বিশ্ববিদ্যালয়

| | |
|---|---|
| প্রভাষক হইতে সহকারী অধ্যাপক | ১. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>২. এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০২ (দুই) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৩. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে; যেগুলির First Author হিসাবে ন্যূনতম ০১ (এক)টি প্রকাশনা থাকিতে হইবে। |
| সহকারী অধ্যাপক হইতে সহযোগী অধ্যাপক | ১. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ মোট ন্যূনতম ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>২. এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৬ (ছয়) বৎসরসহ মোট ন্যূনতম ০৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৩. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৪ (চার) বৎসরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. সকল ক্ষেত্রে প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়)টি প্রকাশনা থাকিতে হইবে। সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে; যেগুলির মধ্যে First Author/ Corresponding Author হিসাবে ন্যূনতম ০২(দুই) টি প্রকাশনা থাকিতে হইবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। |
| সহযোগী অধ্যাপক হইতে অধ্যাপক | ১. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ১০ (দশ) বৎসরসহ মোট ন্যূনতম ২২ (বাইশ) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>২. এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ মোট ন্যূনতম ১৭ (সতেরো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৩. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরসহ মোট ন্যূনতম ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. সকল ক্ষেত্রে প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ১২(বারো)টি প্রকাশনা থাকিতে হইবে। সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়)টি প্রকাশনা থাকিতে হইবে; যেগুলির মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/ Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। |
| গ্রেড -৩ থেকে গ্রেড-২ অধ্যাপক পদে পদোন্নতি | প্রচলিত নিয়ম অনুযায়ী সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ অধ্যাপক পদে পদোন্নতি/পদায়নের পরে অধ্যাপক পদে ন্যূনতম ০৪(চার) বৎসর চাকুরি (কোয়ালিফাইং চাকুরির মেয়াদ) এবং স্বীকৃত জার্নালে বিষয়ভিত্তিক গবেষণাধর্মী ০২ (দুই) টি নূতন আর্টিকেল প্রকাশের শর্তে জ্যেষ্ঠতার ভিত্তিতে ২য় গ্রেড প্রাপ্ত হইবেন।<br>(গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের বাস্তবায়ন-১ শাখা কর্তৃক ০৪-০৪-২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০.০০৫.২০১৫-৮৮ নম্বর স্মারকে জারিকৃত) |

০৮/৬/২০২১
মোঃ নূর-ই-আলম
উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| | |
|---|---|
| গ্রেড -২ থেকে গ্রেড-১ অধ্যাপক পদে পদোন্নতি | দ্বিতীয় গ্রেডধারী অধ্যাপকগণ মোট চাকুরিকাল (কোয়ালিফাইং চাকুরির মেয়াদ) ন্যূনতম ২০ বৎসর এবং ২য় গ্রেডের সর্বশেষ সীমায় পৌঁছানোর দুই বৎসর পর জ্যেষ্ঠতার ভিত্তিতে ১ম গ্রেড প্রাপ্ত হইবেন। তবে এই সংখ্যা মোট অধ্যাপকের ২৫%-এর বেশি হইবে না।<br>(গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের বাস্তবায়ন-১ শাখা কর্তৃক ০৪-০৪-২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০.০০৫.২০১৫-৮৮ নম্বর স্মারকে জারিকৃত) |

খ) মেডিসিন

| | |
|---|---|
| প্রভাষক থেকে সহকারী অধ্যাপক (প্রিভেনটিভ এন্ড সোশ্যাল মেডিসিন অনুষদ, ফরেনসিক মেডিসিন বিভাগ) | ১. এমবিবিএস/বিডিএস/সমমানের ডিগ্রী অথবা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণিতে মাস্টারস ডিগ্রী থাকিতে হইবে, যাহা বিএমডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>২. এমফিল (পাবলিক হেলথ)/এমপিএইচ অথবা সমমানের পাবলিক হেলথ বিষয়ক ডিগ্রি অবশ্যই বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল দ্বারা স্বীকৃত হতে হবে, এই ক্ষেত্রে নন মেডিকেল পেশাধারীদের উপরোক্ত ডিগ্রি বিএসএমএমইউ-এর একাডেমিক কাউন্সিল অথবা তৎকর্তৃক কোন কমিটি দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>৩. যে-কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পিএইচডি অথবা DrPH (Doctor of Public Health) অথবা DSc (Doctor of Science) অথবা সমমানের ডিগ্রি, যাহা জনস্বাস্থ্য বিষয়ের সাথে সংশ্লিষ্ট। যেহেতু ডিগ্রিসমূহ শিক্ষক নিয়োগের ক্ষেত্রে বাধ্যতামূলক সেহেতু অন্যান্য অনুষদের শিক্ষকদের ন্যায় এই অনুষদের শিক্ষক নিয়োগের ক্ষেত্রে কোনো অতিরিক্ত যোগ্যতার প্রশ্ন আসিবে না।<br>৪. প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৫. স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে, যেগুলির মধ্যে First Author হিসাবে ন্যূনতম ০১ (এক)টি প্রকাশনা থাকিতে হইবে।<br>৬. অন্যান্য নিয়মাবলি অন্যান্য অনুষদের শিক্ষক নিয়োগের নীতিমালা অনুযায়ী প্রযোজ্য। |
| প্রভাষক থেকে সহকারী অধ্যাপক (নার্সিং অনুষদ) | ১. সংশ্লিষ্ট বিভাগে বিএসসি নার্সিং এবং এমএসসি নার্সিং ডিগ্রি থাকিতে হইবে।<br>২. বিএসসি নার্সিং এবং এমএসসি নার্সিং উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে; যাহা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>৩. প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে, যেগুলির মধ্যে First Author হিসাবে ন্যূনতম ০১ (এক)টি প্রকাশনা থাকিতে হইবে। |
| সহকারী অধ্যাপক হইতে সহযোগী অধ্যাপক | ১. এমবিবিএস/বিডিএস/সমমানের ডিগ্রি থাকিতে হইবে, যাহা বিএমডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>২. এমডি/এমএস/এফসিপিএস/সমমানের (বিষয়ভিত্তিক) ডিগ্রি, যাহা বিএমডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>৩. সহকারী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম ০৪ (চার) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. সকল ক্ষেত্রে প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়)টি প্রকাশনা থাকিতে হইবে। সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে, যেগুলির মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা থাকিতে হইবে। মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক)টি প্রকাশনা গ্রহণযোগ্য ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। গ্রহণযোগ্য ইমপ্যাক্ট ফ্যাক্টর বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল কর্তৃক নির্ধারিত হইবে।<br>৫. Medical Education সংক্রান্ত Teaching-learning, Instructional Material Development, Assessment, Curriculum Development and Evaluation ও Educational Management বিষয়াবলিতে কমপক্ষে ০৩ (তিন) মাসের ট্রেনিং/ ডিগ্রি অর্জনকারীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>৬. পিএইচডি ডিগ্রিকে অতিরিক্ত যোগ্যতা হিসাবে গণ্য করা হইবে। পিএইচডি ডিগ্রি বিএমডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে। |



১৮/৬/২০২১

মোঃ নূর-ই-আলম
উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| | |
|---|---|
| **সহযোগী অধ্যাপক হইতে অধ্যাপক** | ১. এমবিবিএস/বিডিএস/সমমানের ডিগ্রি যাহা থাকিতে হইবে; যাহা বিএমডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে। প্রিভেনটিভ এন্ড সোশ্যাল মেডিসিন এবং নার্সিং অনুষদের ক্ষেত্রে স্ব-স্ব ডিগ্রীসমূহ থাকিতে হইবে।<br>২. নির্দিষ্ট বিষয়ে এমফিল/এমএস/এমডি/এফসিপিএস/সমমানের ডিগ্রি যাহা বিএমডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে। প্রিভেনটিভ এন্ড সোশ্যাল মেডিসিন এবং নার্সিং অনুষদের ক্ষেত্রে স্ব-স্ব ডিগ্রীসমূহ থাকিতে হইবে।<br>৩. সহযোগী অধ্যাপক হিসাবে বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরসহ মোট ন্যূনতম ১০ (দশ) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ১২ (বারো)টি প্রকাশনা থাকিতে হইবে। সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়)টি প্রকাশনা থাকিতে হইবে, যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে। মোট প্রকাশনার ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা গ্রহণযোগ্য ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। গ্রহণযোগ্য ইমপ্যাক্ট ফ্যাক্টর বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল কর্তৃক নির্ধারিত হইবে।<br>৫. Medical Education সংক্রান্ত Teaching-learning. Instructional Material Development, Assessment, Curriculum Development and Evaluation ও Educational Management বিষয়াবলিতে কমপক্ষে ০৩ (তিন) মাসের ট্রেনিং/ডিগ্রি অর্জনকারীদের অগ্রাধিকার দেওয়া হইবে।<br>৬. পিএইচডি ডিগ্রিকে অতিরিক্ত যোগ্যতা হিসাবে গণ্য করা হইবে। পিএইচডি ডিগ্রি বিএমডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে। |
| **গ্রেড-৩ থেকে গ্রেড-২ অধ্যাপক পদে পদোন্নতি** | প্রচলিত নিয়ম অনুযায়ী সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ অধ্যাপক পদে পদোন্নতি/পদায়নের পরে অধ্যাপক পদ ন্যূনতম ০৪ (চার) বৎসর চাকুরি (কোয়ালিফাইং চাকুরির মেয়াদ) এবং স্বীকৃত জার্নালে বিষয়ভিত্তিক গবেষণাধর্মী ০২ (দুই)টি নতুন আর্টিকেল প্রকাশের শর্তে জ্যেষ্ঠতার ভিত্তিতে ২য় গ্রেড প্রাপ্ত হইবেন।<br>**(গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের বাস্তবায়ন-১ শাখা কর্তৃক ০৪-০৪-২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০.০০৫.২০১৫-৮৮ নম্বর স্মারকে জারিকৃত)** |
| **গ্রেড-২ থেকে গ্রেড-১ অধ্যাপক পদে পদোন্নতি** | দ্বিতীয় গ্রেডধারী অধ্যাপকগণ মোট চাকুরিকাল (কোয়ালিফাইং চাকুরির মেয়াদ) ন্যূনতম ২০ বৎসর এবং ২য় গ্রেডের সর্বশেষ সীমায় পৌঁছানোর দুই বৎসর পর জ্যেষ্ঠতার ভিত্তিতে ১ম গ্রেড প্রাপ্ত হইবেন। তবে এই সংখ্যা মোট অধ্যাপকের ২৫%-এর বেশি হইবে না।<br><br>**(গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের বাস্তবায়ন-১ শাখা কর্তৃক ০৪-০৪-২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০.০০৫.২০১৫-৮৮ নম্বর স্মারকে জারিকৃত)** |

১৮/৬/২০২০

মোঃ নূর-ই-আলম
উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার